# মাধ্যমিক বাংলা সাজেশন- ২০২১

www.shekhapora.com

*** ২০২১ সালের মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ প্রশ্নের সাজেশন।

**( MCQ এবং SAQ প্রশ্নের জন্য পাঠ্যপুস্তক ভালোভাবে পড়তে হবে । এখানে প্রশ্নমান- ৩ ,৪,৫,১০(প্রবন্ধ) নম্বরের প্রশ্নের সাজেশন দেওয়া হল)**

## জ্ঞানচক্ষু

### প্রশ্নমান-৩

১। '*কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেলো*' - কোন কথা শুনে কেনো তপনেত চোখ মার্বেল হয়ে গেল?
২। '*এ বিষয়ে সন্দেহ ছিলো তপনের*' - তপনের কোন বিষয়ে কেনো সন্দেহ ছিলো ?
৩। '*মেসোর উপযুক্ত কাজ হবে সেটা*'- কোন কাজকে কেনো মেসোর উপযুক্ত কাজ বলা হয়েছে?
৪। '*বিকেলে চায়ের টেবিলে ওঠে কথাটা*' - কোন কথার কথা বলা হয়েছে?
৫। '*যেন নেশায় পেয়েছে*' - কাকে কীসের নেশায় পেয়েছিলো?
৬।'*আজ আর অন্য কথা নেই*'- সেদিন কোন কথা হচ্ছিলো? অন্য কথা না থাকার কারন কী?
৭। '*পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে*'- কোন ঘটনাকে অলৌকিক বলা হয়েছে? অলৌকিক বলার কারন কী ?
৮।'*গায়ে কাঁটা দিয়ে উঠল তপনের*' - গায়ে কাঁটা দিয়ে ওঠার কারন কী ?

### প্রশ্নমান-৫

১। '*শুধু এই দুঃখের মুহূর্তে গভীর ভাবে সংকল্প করে তপন*' - দুঃখের মুহূর্তের কারণ কী? তপন কী সংকল্প করেছিলো? ১+৪

অথবা

'*তারচেয়ে দুঃখের কিছু নেই, তারচেয়ে অপমানের*' - কার এমন মনে হয়েছে ? কোন ঘটনাকে কেন তার দুঃখের অপমানের মনে হয়েছে ? ১+৪

অথবা

'*তপন আর পড়তে পারেনা। বোবার মতো বসে থাকে।*' - তপনের এরকম অবস্থার কারন বর্ণনা করো। (মাধ্যমিক-১৮)

২। '*সত্যিই তপনের জীবনে সবচেয়ে সুখের দিনটি এল আজ*' - তপনের জীবনে সুখের দিনটি কীভাবে এসেছিলো ? এ সুখ তপনের জীবনে স্থায়ী হয়নি কেন ? ২+৩

৩।'*নতুন মেসোকে দেখে জ্ঞান চক্ষু খুলে গেলো*' - 'জ্ঞান চক্ষু' বলতে কী বোঝানো হয়েছে? কার কীভাবে জ্ঞান চক্ষু খুলেছিলো? ২+৩

৪। '*রত্নের মূল্য জহুরির কাছে*' - *রত্ন ও জহুরি* শব্দের অর্থ কী ? এখানে রত্ন ও জহুরি বলতে কাদের বোঝানো হয়েছে? উক্তিটির তাৎপর্য লেখ। ১+১+৩

৫। '*এর প্রত্যেকটি লাইনই তো নতুন আনকোরা, তপনের অপরিচিত*' - '*এর*' বলতে কী বোঝানো হয়েছে? তপনের পরবর্তী ভাবনা গুলো নিজের ভাষায় লেখ। ১+৪

# বহুরূপী

## প্রশ্নমান-৩

১. *"শুনেছেন, হরিদা, কী কাণ্ড হয়েছে?"*—কারা এ কথা বলেছে ? কাণ্ডটা কী ছিল ?

২. "গল্প শুনে খুব গম্ভীর হয়ে গেলেন হরিদা।"—হরিদা কে ছিলেন? তিনি কোন গল্প শুনে খুব গম্ভীর হয়ে গেলেন?

৩. *"ওই ধরনের কাজ হরিদার জীবনের পছন্দই নয়।"*—এ কথা বলার কারণ কী? তার পছন্দ কী?

৪. *"সেটাই যে হরিদার জীবনের পেশা।"*—হরিদার জীবনের পেশা কোনটি? কীভাবে তার জীবনযাপন হয় ?

৫. *"খুব চমৎকার পাগল সাজতে পেরেছে তো লোকটা।"*—এখানে কার সম্পর্কে কথাটি বলা হয়েছে? এ কথা বলার কারণ কী?

অথবা,

চকের বাসস্ট্যান্ডের কাছে হরিদা পাগল সেজে কী করছিল ?

৬. *"সেদিন হরিদার রোজগার মন্দ হয়নি।"*—কোন্ দিনের কথা বলা হয়েছে? সেদিন কীভাবে রোজগার হয়েছিল?

৭.*"এবারের মতো মাপ করে দিন ওদের।"*—কে, কাকে এ কথা বলেছিলেন? এ কথা কেন বলেছিলেন?

৮. *"আপনার তীর্থ ভ্রমণের জন্য এই টাকা আমি দিলাম।"*—কে, কাকে এ কথা বলেছেন? কখন তিনি এ কথা বলেছেন?

৯. *"অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।"*—হরিদার কোন্ ভুল অদৃষ্ট কখনো ক্ষমা করবে না?

## প্রশ্নমান-৫

১. 'বহুরূপী' গল্পে হরিদার চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা

*"হরিদার জীবনে সত্যিই একটা নাটকীয় বৈচিত্র্য আছে।"*–'নাটকীয় বৈচিত্র্য বলতে কী বোঝায়? সেটা কীরকম বৈচিত্র্যময়? এই নাটকীয় বৈচিত্র্যের একটি দৃষ্টান্ত দাও। ১+২+২

২. *"খাঁটি মানুষ তো নয়, এই বহুরূপীর জীবন এর বেশি কী আশা করতে পারে?"*—কে, কাকে এই কথা বলেছে? কোন্ প্রসঙ্গে বলেছে? বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+ ১+৩

৩. *"সন্ন্যাসীর গল্পটা শুনে কি হরিদার মাথার মধ্যে নতুন কোনো মতলব ছটফট করে উঠেছে?"* –'সন্ন্যাসীর গল্পটা'কী? কে বলেছে এই কথা? মতলবটা বর্ণনা করো। ২+১+২

৪. *"তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়।"*—কে, কাকে এই কথাটি বলেছে? কখন বলেছে ? ঢং নষ্ট হয়ে যাওয়ার অর্থ কী ? ২+১+২

৫.*“আজ তোমাদের একটা জবর খেলা দেখাব।”*-এই কথাটি কে, কাদের বলেছে? *‘জবর খেলাটি’* বর্ণনা করো। ২+৩

# পথের দাবী

## প্রশ্নমান-৩

১.*“পলিটিক্যাল সাসপেক্ট সব্যসাচী মল্লিককে নিমাইবাবুর সম্মুখে হাজির করা হইল।”*— পলিটিকাল সাসপেক্ট কথার অর্থ কী ? সব্যসাচী মল্লিককে কখন নিমাইবাবুর সম্মুখে হাজির করা হয়েছিল?
২. *'এ লোকটিকে আপনি কোন কথা জিজ্ঞেস না করেই ছেড়ে দিন'* - লোকটি কে? জিজ্ঞাসাবাদ না করেই ছেড়ে দেবার কথা বলা হয়েছে কেন ?
৩. গিরীশ মহাপাত্রের ট্র্যাকে ও পকেটে কী ছিল ?
৪. *“তুমি তো ইউরোপিয়ান নও।”*—কে, কাকে উদ্ধৃত কথাটি বলেছিল ? কখন এ কথা বলেছিল?
৫. *“এই অন্যায়ের প্রতিবাদ যখন করতে গেলাম…”*—কোন্ অন্যায় ? তার প্রতিবাদ করায় কী হয়েছিল?
৬. *“কিন্তু ইহা যে কতবড়ো ভ্রম তাহা কয়েকটা স্টেশন পরেই সে অনুভব করিল।”*—‘সে’ বলতে কার কথা বলা হয়েছে ? কোন্ প্রসঙ্গে এই কথা বলা হয়েছে?
৭. *“দয়ার সাগর। পরকে সেজে দি, নিজে খাইনে। মিথ্যেবাদী কোথাকার।”* -'দয়ার সাগর' এবং মিথ্যেবাদী  বলার কারন কী?
৮. *'তবে এ বস্তুটি পকেটে কেন?'* - কোন বস্তুর কথা বলা হয়েছে? উত্তরে গীরিশ মহাপাত্র কী যুক্তি দিয়েছিলেন?
৯. *“অপূর্ব রাজি হইয়াছিল।”*—অপূর্ব কীসে রাজি হয়েছিল? কেন রাজি হয়েছিল?

১০. *“ইচ্ছা করলে আমি তোমাকে টানিয়া নীচে নামাইতে পারি।”*—কে, কাকে  বলেছে? কেন বলেছে?
১১.*‘বুনো হাঁস ধরা এদের কাজ’*–এ কথা কে বলেছিলেন ? এ কথা বলার কারণ কী?
১২.*'আমি ভীরু, কিন্তু তাই বলে অবিচারে দণ্ডভোগ করার অপমান আমাকে কম বাজে না'*- বক্তা কাকে একথা বলেছিলেন? কোন অবিচারে দণ্ডভোগ তাকে ব্যথিত করেছিল? (মাধ্যমিক-১৭)
১৩. *'নিমাই বাবু চুপ করিয়া রহিলেন '* - নিমাই বাবুর চুপ থাকার কারন কী?

# # কবিতা #:

## অসুখী একজন

## প্রশ্নমান-৩

১।'*আমি তাকে ছেড়ে দিলাম*' - কে কাকে কীভাবে ছেড়ে দিয়েছিল?
২। '*বৃষ্টিতে ধুয়ে দিল আমার পায়ের দাগ/ ঘাস জন্মালো রাস্তায়*' - তাৎপর্য লেখো।
৩। '*শান্ত হলুদ দেবতারা*' - দেবতাদের 'শান্ত হলুদ' বিশেষন দেওয়ার কারণ কী? তাদের পরিনতি কী হয়?
৪।' *তারা আর স্বপ্ন দেখাতে পারলোনা*' - তারা কারা? তারা আর স্বপ্ন দেখাতে পারলোনা কেনো?
৫।'*সব চুর্ণ হয়ে গেল, জ্বলে গেল আগুনে*' - কোন কোন জিনিসের কথা বলা হয়েছে? এই পরিনতির কারন কী?(মাধ্যমিক-১৮)

## প্রশ্নমান-৫

১।' *যেখানে ছিলো শহর সেখানে ছড়িয়ে রইল কাঠ কয়লা*' - কোথায় ছড়িয়ে রইলো? শহরের এই পরিণতি কীভাবে হলো লেখ।(মাধ্যমিক-১৭)
অথবা
'*তারপর যুদ্ধ এল*' - 'তারপর' বলতে কোন সময়ের কথা বলা হয়েছে? যুদ্ধের ভয়াবহ পরিনাম '*অসুখী একজন*' কবিতা অবলম্বনে লেখ।
২। '*আর সেই মেয়েটি আমার অপেক্ষায়*' - মেয়েটির পরিচয় দাও? অপেক্ষারত মেয়েটির মধ্যে দিয়ে কবির স্বদেশ ভাবনার পরিচয় দাও।
অথবা
'*সেই মেয়েটির মৃত্যু হলোনা*' - কোন মেয়েটির মৃত্যু হলোনা? এই মৃত্যু না হওয়ার তাৎপর্য নিজের ভাষায় লেখ।
অথবা
'*অসুখী একজন*' কবিতায় কাকে অসুখী বলা হয়েছে? তার অসুখী হওয়ার পিছনে কোন কারন রয়েছে?

# আয় আর বেঁধে বেঁধে থাকি

## প্রশ্নমান-৩

১।'*আমাদের ইতিহাস নেই*' - আমাদের বলতে কী বোঝানো হয়েছে?কে কেন একথা বলেছেন? (মাধ্যমিক-১৮)
অথবা
'*এমনই ইতিহাস/ আমাদের চোখ মুখ ঢাকা*' - তাৎপর্য বিশ্লেষণ করো।
২। '*আমাদের পথ নেই কোনো*' - পথ বলতে কী বোঝানো হয়েছে? এই অবস্থায় কী করনীয় উচিৎ বলে কবি মনে করেন?
৩। '*আমরাও তবে এইভাবে এই মুহূর্তে মরে যাব না কি?*' - এই আশঙ্কার কারন কী? (মাধ্যমিক-১৮)
৪।'*আমরা ভিখিরি বারোমাস*' - বক্তার এমন মনে হওয়ার কারন কী?

৫।'আমরা ফিরেছি দোরে দোরে'- 'আমরা' কারা? তাদের দোরে দোরে ফেরার কারন কী?
৬।*'আমাদের শিশুদের শব/ ছড়ানো রয়েছে কাছে দূরে।'* -'শব' শব্দের অর্থ কী? এমন অবস্থার কারন কী হতে পারে বলে তোমার মনে হয়?

# আফ্রিকা

## প্রশ্নমান-৩

১. *"নতুন সৃষ্টিকে বারবার করছিলেন বিধ্বস্ত"* —কে, কেন নতুন সৃষ্টিকে বারবার বিধ্বস্ত করছিলেন?
২. *"ছিনিয়ে নিয়ে গেল তোমাকে…"*—কে, কাকে, কোথায় ছিনিয়ে নেয়ে গেল?
৩. *"শঙ্কাকে চাচ্ছিলে হার মানাতে"*—কে, কীভাবে 'শঙ্কাকে হার মানাতে চাইছিল ?
৪. *"অপরিচিত ছিল তোমার মানবরূপ"*—"তোমার' বলতে এখানে কার কথা বলা হয়েছে? তার মানবরূপ অপরিচিত ছিল কেন?
৫. *"চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে"*—কারা, কীভাবে, কার ইতিহাসে চিরচিহ্ন দিয়ে গেল?
৬. *"মন্দিরে বাজছিল পূজার ঘন্টা"*—কখন এবং কেন পূজার ঘন্টা বাজছিল?
৭. *"কবির সংগীতে বেজে উঠেছিল…"*—কবির সংগীতে কখন কোথায় কী বেজে উঠেছিল?
৮. *"অশুভ ধ্বনিতে ঘোষণা করল দিনের অন্তিমকাল"*—কারা, কখন দিনের অন্তিমকাল ঘোষণা করল?
৯. *"নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা"*—নির্লজ্জ অমানুষ কীভাবে নগ্ন করল বলে তুমি মনে করো।
১০.*"গর্বে যারা অন্ধ তোমার সূর্যহারা অরণ্যের চেয়ে।"* –তোমার বলতে কী বোঝানো হয়েছে? তারা কীসের গর্বে অন্ধ এবং কেন?

মান-৫

১. *"এল ওরা লোহার হাতকড়ি নিয়ে"* --- ওরা বলতে কাদের কথা বলা হয়েছে? তাদের সম্পর্কে আর কী বলা হয়েছে? এই আগমণের কারণ ও পরিণাম আলোচনা করো? ১+২+২

অথবা

*"এল মানুষ-ধরার দল।"*- এদের আগনের পূর্বে এবং পরে আফ্রিকার অবস্থা সংক্ষেপে আলোচনা করো। ৫

২. *"সভ্যের বর্বর লোভ/নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা।"*—'সভ্য' কাকে বলা হয়েছে? তাদের বর্বর লোভ কীরূপ? ২+৩

অথবা,

৩. *'সমুদ্রপারের'* সঙ্গে আফ্রিকার ঘটনাবলির যে বৈপরীত্য কবিতায় ফুটে উঠেছে, তার পরিচয় দাও। ৫

৪. *“সেই হোক তোমার সভ্যতার শেষ পুণ্যবাণী।”*—সভ্যতার শেষ পুণ্যবাণী’টি কী? কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্য পরিস্ফুট করো। ১+২+২

অথবা

৫."দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে;”—কাকে কেনো দাঁড়াতে বলা হয়েছে? *'মানহারা মানবী'* বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

৬. *'হায় ছায়াবৃতা'*- কাকে কেনো 'ছায়াবৃতা' বলা হয়েছে? তার সম্পর্কে কবি কী বলেছেন সংক্ষেপে লেখো। (মাধ্যমিক-১৭) ১+৪

# অভিষেক

## প্রশ্নমান-৩

১.*“কনক আসন ত্যজি, বীরেন্দ্রকেশরী ইন্দ্রজিৎ”*—ইন্দ্রজিৎ কেন কনক আসন ত্যাগ করলেন?

২.*“হায়! পুত্র, কি আর কহিব/কনক-লঙ্কার দশা?”* বলা এই আক্ষেপের কারণ কী?

৩.*“জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া”*— মহাবাহু কে? তার এই বিস্ময়ের কারণ আলোচনা করো।(মাধ্যমিক-১৭)

৪.*“এ অদ্ভুত বারতা, জননী/কোথায় পাইলে তুমি,/শীঘ্র কহ দাসে।”*—কোন বার্তার কথা বলা হয়েছে? বক্তার কাছে সেই বার্তা অদ্ভুত মনে হয়েছে কেন?

৫.*“ছিড়িলা কুসুমদাম রোষে মহাবলী”*—এই ‘রোষ’-এর প্রকাশ কীভাবে ঘটেছিল লেখো।

৬.*“ধিক মোরে, কহিলা গম্ভীরে কুমার।”*—‘কুমার’ কে? তার এই আত্মধিক্কারের কারণ কী?

৭.*“ঘুচাব ও অপবাদ, বধি রিপুকুলে।”*—কোন অপবাদের কথা এখানে বলা হয়েছে? সেই অপবাদ ঘোচাতে বক্তা কীরুপ প্রস্তুতি নিয়েছিলেন?

৮.*“সাজিলা রথীন্দ্রভ বীর-আভরণে”*—এই সেজে ওঠার বর্ণনা দাও।

৯.*“কেমনে ধরিবে প্রাণ/তোমার বিরহে/এ অভাগী?”* – বক্তা কে? কোন্ প্রসঙ্গে বক্তা একথা বলেছেন?

১০.*“কি হেতু, মাতঃ, গতি তব আজি এ ভবনে?”*—বক্তা কে? এর কোন্ উত্তর তিনি পেয়েছিলেন?

১১.*“হায়, বিধি বাম মম প্রতি।”*—বক্তা কে? বক্তার এ কথা বলার কারণ কী?

১২.*“বিদায় এবে দেহ, বিধুমুখী।”*—‘বিধুমুখী’ কাকে বলা হয়েছে? তিনি বক্তাকে কী বলেছিল?

১৩.*“নমি পুত্র পিতার চরণে, করজোড়ে কহিলা”*—পুত্র কে? তিনি পিতার চরণে প্রণাম করে কী বলেছিলেন? পিতা কী প্রত্যুত্তর দিয়েছিলেন?

# অস্ত্রের বিরুদ্ধে গান

## প্রশ্নমান-৩

১. *"হাত নাড়িয়ে বুলেট তাড়াই"* - বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

২.*"রক্ত মুছি শুধু গানের গায়ে"*- তাৎপর্য বিশ্লেষন করো।

৩.*"মাথায় কত শকুন বা চিল"* - 'শকুন' বা 'চিল' কীসের প্রতিক? উদ্ধৃতিটির ব্যঞ্জনাময় অর্থ লেখ।

৪. *"বর্ম খুলে দ্যাখো আদুড় গায়ে।"*- 'আদুড়' শব্দের অর্থ কী? কবি কী দেখতে বলেছেন?

৫. *"তোমায় নিয়ে বেড়াবে গান..."*-- গান কোথায় বেড়াতে নিয়ে যাবে? পঙক্তিটির দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন?

৬.*"আমি এখন হাজার হাতে পায়ে"* ---- আমি কে? *'হাজার হাতে পায়ে'* বলতে তিনি কী বুঝিয়েছেন?

## প্রশ্নমান-৫

১.*"অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে..."*- অস্ত্র কীসের প্রতিক? কবি অস্ত্র ফেলতে বলেছেন কেন? অস্ত্র পায়ে রাখার মর্মার্থ কী?
অথবা,
কবি জয় গোস্বামীর *'অস্ত্রের বিরুদ্ধে'* গান কবিতায় যুদ্ধবিরোধী মনোভাবের যে প্রকাশ ঘটেছে, তা নিজের ভাষায় বিবৃত করো।

২.*"আমার শুধু একটা কোকিল/ গান বাঁধবে সহস্র উপায়ে।'* - প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষন করো।

৩.*" গান দাঁড়াল ঋষিবালক / মাথায় গোঁজা ময়ূরপালক"* - প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও।

# প্রলয়োল্লাস

## প্রশ্নমান-৩

১.তোরা সব জয়ধ্বনি কর!' - কে, কাদে্ কেন জয়ধ্বনি করতে বলেছেন ?

২.'আসছে নবীন- জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন!'_ উদ্ধৃতিটির তাৎপর্য লেখ।( মাধ্যমিক-১৭)

৩.'ভেঙে আবার গড়তে জানে সে চিরসুন্দর! ' - সে কে? ভেঙে আবার গড়ার তাৎপর্য কী?

৪.'মাভৈঃমাভৈঃ! জগৎ জুড়ে প্রলয় এবার ঘনিয়ে আসে।' - 'মাভৈঃ মাভৈঃ' কথাটির অর্থ কী? উদ্ধৃতিটির তাৎপর্য লেখ।

৫.'আসছে এবার অনাগত প্রলয় -নেশায় নৃত্য পাগল' - অনাগত কে? তিনি 'প্রলয় নেশায় নৃত্য পাগল'কেন?

৬. 'ধ্বংস দেখে ভয় কেন তোর'- কবি কেন ধ্বংস দেখেও ভয় পেতে নিষেধ করেছেন?

## প্রশ্নমান-৫

১.'*তোরা সব জয়ধ্বনি কর!'*_ কাদের উদ্দেশ্যে কবির এই আহ্বান ? কবিতার ভাববস্তু বিশ্লেষন করে এই আহ্বানধ্বনির পুনরাবৃত্তির যৌক্তিকতা বিচার করো।

২.*'কাল ভয়ংকরের বেশে ওই আশে সুন্দর!"* --- কাল ভয়ংকরের বেশে কে আসছে ? তার ভয়ংকর রূপের বর্ননা দাও ? তাকে সুন্দর বলা হয়েছে কেন ?

# # প্রবন্ধ :#

## হারিয়ে যাওয়া কালি কলম

## প্রশ্নমান-৫

*** ১. 'ফাউন্টেন পেন' বাংলায় কী নামে পরিচিত ? নামটি কার দেওয়া বলে উল্লেখ করা হয়েছে ? ফাউন্টেন পেনের জন্ম ইতিহাস লেখো । [মাধ্যমিক-২০১৭] ১+১+৩

অথবা

'কলমের দুনিয়ায় যা সত্যিকারের বিপ্লব ঘটায় তা ফাউন্টেন পেন' - ফাউন্টেন পেন কীভাবে বিপ্লব ঘটিয়েছিল নিজের ভাষায় লেখ। ৫

২ *"আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে ।"* — কোন জিনিস আজ অবলুপ্তির পথে ? এই অবলুপ্তির কারণ কী ? এ বিষয়ে লেখকের মতামত কী ? [মাধ্যমিক-২০১৮] ১+১+৩

*** ৩. *"আমরা কালিও তৈরি করতাম নিজেরাই ।"* — কারা কালি তৈরি করতেন ? তাঁরা কীভাবে কালি তৈরি করতেন ? [মাধ্যমিক-২০১৯] ১+১+৩

অথবা,

*"আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।"*— প্রবন্ধ অনুসরণে কালি তৈরি পর্বের বর্ণনাটি নিজের ভাষায় লেখ । ৫

৪. *"সব মিলিয়ে লেখালেখি রীতিমতো ছোটখাটো একটা অনুষ্ঠান"*— প্রবন্ধ অনুসরণে মন্তব্যটির বিশ্লেষণ কর। ৫

৫. *"কম্পিউটার তাদের জাদুঘরে পাঠাবে বলে যেন প্রতিজ্ঞা করেছে।"* কম্পিউটার কাদের জাদুঘরে পাঠাবে বলে প্রতিজ্ঞা করেছে? এই উক্তির মধ্যে লেখকের কোন্ মনোভাব প্রকাশিত ? ২+৩

৬. *"কথায় বলে—কালি কলম মন, লেখে তিনজন।"*— উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

# # নাটক #

# সিরাজদ্দৌলা

## প্রশ্নমান-৪

১. 'সিরাজদ্দৌলা' নাট্যাংশ অবলম্বনে সিরাজদৌলার চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। [মাধ্যমিক-২০১৭] ৫

২ . "কিন্তু ভদ্রতার অযোগ্য তোমরা" — কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে ? এ কথা বলার কারণ কী [মাধ্যমিক-২০১৭] ১+৩

৩. "মুন্সিজি, এই পত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন ।" — কে, কাকে পত্র লিখেছিলেন ? এই পত্রে কী লেখা ছিল ? [মাধ্যমিক-২০১৮] ১+৩

৪. "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না ।" — কাদের উদ্দেশ্যে এ কথা বলা হয়েছে ? কোন দুর্দিনের জন্য তাঁর এই আবেদন ? [মাধ্যমিক- ২০১৯] ১+৩

৫. "ওখানে কী দেখছ মূর্খ, বিবেকের দিকে চেয়ে দ্যাখো !" — বক্তা কে ? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি বক্তার কী মনোভাব লক্ষ করা যায় ? [মাধ্যমিক-২০১৯]

অথবা

'মনে হয় ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ-সঞ্চালনে ভূমিকম্প' -ওর বলতে কার কথা বলা হয়েছে? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্র বিশ্লেষন করে এমন মন্তব্যের কারন? ১+৩

৬. 'তোমাদের কাছে আমি লজ্জিত ।'—বক্তা কাদের কাছে এবং কেন লজ্জিত তা সিরাজদ্দৌলা নাট্যাংশ অনুসরণে আলোচনা কর ।

৭.'আমার এই অক্ষমতার জন্যে তোমরা আমাকে ক্ষমা করো।' - বক্তা কাদের কাছে কোন অক্ষমতা প্রকাশ করেছেন?

৮.'আপনাদের কাছে এই ভিক্ষা যে,আমাকে শুধু এই আশ্বাস দিন' -বক্তা কাদের কাছে ভিক্ষা চান? তিনি কী আশ্বাস প্রত্যশা করেন?

৯. 'জাতির সৌভাগ্য -সূর্য আজ অস্তাচলগামী '- কোন জাতির কথা বলা হয়েছে? একথা বলার কারন কী?
অথবা
'বাংলার ভাগ্যাকাশে আজ দুর্যোগের ঘনঘটা' - বক্তা কে? তার এমন উক্তর কারন কী?

১০.'বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয়-মিলিত হিন্দু-মুসলমানের মাতৃভূমি গুলবাগ এই বাংলা'- কাদের উদ্দেশ্য করে এ কথা বলা হয়েছে? বক্তব্যটির মধ্যে বক্তার কোন চারিত্রিক বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? (মাধ্যমিক- ১৮) ১+৩

১১.'জানিনা, আজ কার রক্ত সে চায়। পলাশি, রাক্ষসী পলাশি!'- বক্তা কে? পলাশী কে রাক্ষসী বলার তাৎপর্য বুঝিয়ে দাও।

**# পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ #**

# কোনি

## প্রশ্নমান-৫

১. “কম্পিটিশনে পড়লে মেয়েটা তো আমার পা ধোওয়া জল খাবে।”—কে, কাকে এই কথা বলেছে? কার সম্পর্কে এই কথা বলেছে? এখানে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশিত হয়েছে?

২.“গাছে অনেক দূর উঠে গেছি। মই কেড়ে নিলে নামতে পারব না।”—কে, কাকে এই কথা বলেছে? কোন্ প্রসঙ্গে এই কথা বলেছে? বক্তব্যটির অর্থ পরিস্ফুট করো।

৩. ‘কোনি’ উপন্যাসে কোনির চরিত্র বিশ্লেষণ করো।

৪. ‘কোনি’ উপন্যাসে লীলাবতীর চরিত্র বিশ্লেষণ করো।

অথবা,

'কোনি' উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিনী রূপে লীলাবতীর পরিচয় দাও । [মাধ্যমিক-২০১৯]

৫. 'কোনি' উপন্যাসে ক্ষিতীশ সিংহের চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা,

ক্ষিদ্দা কীভাবে কোনির জীবনে প্রেরণা হিসেবে কাজ করেছিল সে সম্পর্কে আলোচনা করো । [মাধ্যমিক-২০১৭]

অথবা,

কোনি' উপন্যাস অবলম্বনে সাঁতার প্রশিক্ষক ক্ষিতীশ সিংহের চরিত্র সংক্ষেপে আলোচনা করো । [মাধ্যমিক-২০১৮]

৬."অবশেষে কোনি বাংলা সাঁতার দলে জায়গা পেল ।" — কোনি কীভাবে বাংলা সাঁতার দলে জায়গা পেল তা সংক্ষেপে লেখো । (মাধ্যমিক-২০১৮)

৭. কোনির পারিবারিক জীবনের পরিচয় দাও । [মাধ্যমিক-২০১৭]

৮.আপনি আমার থেকে চার হাজার গুণ বড়োলোক, কিন্তু চার লক্ষ টাকা খরচ করেও আপনি নিজে শরীরটাকে চাকর বানাতে পারবেন না ।" — বক্তা কাকে, কেন এ কথা বলেছিলেন ? [মাধ্যমিক-২০১৯]

৯. "এটা বুকের মধ্যে পুষে রাখুক ।" — কী পুষে রাখার কথা বলা হয়েছে ? কী কারণে এই পুষে রাখা ? [মাধ্যমিক-২০১৯]

১০."একটা মেয়ে পেয়েছি, তাকে শেখাবার সুযোগটুকু দিও তাহলেই হবে।" কে কার কাছে কেন এই আকুতি করেছিলো?এর মাধ্যমে বক্তার কোন মনোভাবের প্রতিফলন ঘটেছে?

২২." তোর আসল লজ্জা জলে, আসল গর্বও জলে" - বক্তা কে? এই কথা বলার কারণ কী ?

# ব্যাকরণ

## ১। কারক ও অকারক সম্পর্ক , বিভক্তি, অনুসর্গ ও নির্দেশক
## ২। সমাস

## বঙ্গানুবাদ

প্রস্তুতিমূলক বই ও বিগত বছরগুলির প্রশ্ন দেখে বাড়িতে অভ্যাস করবে ।

# প্রবন্ধ রচনা

মান-১০

১. বিজ্ঞান ও কুসংস্কার/ কুসংস্কার দূরীকরনণে ছাত্রসমাস/ কুসংস্কার দূরীকরণে বিজ্ঞান

২. দৈনন্দিন জীবনে বিজ্ঞান/ বিজ্ঞানের অগ্রগতি / বিজ্ঞানের জয় যাত্রা/আধুনিক জীবনে বিজ্ঞান

৩. বন ও বন্য প্রাণী সংরক্ষন/ অরণ্য সংরক্ষনের প্রয়োজনীয়তা/ একটি গাছ একটি প্রাণ
৪. বাংলার ঋতু বৈচিত্র / তোমার প্রিয় ঋতু

৫. বাঙালির উৎসব / বাংলার উৎসব / বারো মাসে তের পার্বণ

৪.বিশ্ব উষ্ণায়ন

৫.মাতৃ ভাষায় শিক্ষা

৭.দেশাত্মবোধ ও জাতীয় অগ্রগতি / জাতীয় সংহতি

৮.মোবাইল ফোনের ভালো ও মন্দ

৯.একটি গ্রামের আত্মকথা / একটি নদীর আত্মকথা /একটি কলমের আত্মকথা

১০.ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য / ছাত্র জীবনে সৌজন্য ও শিষ্টাচার/ ছাত্র জীবনে শৃঙখলা ও নিয়মানুবর্তিতা / ছাত্র জীবনে মূল্যবোধের ভূমিকা।

# প্রতিবেদন রচনা

মান- ৫

১। বিদ্যালয়ে অনুষ্ঠিন কর্মসূচী ( বিজ্ঞান প্রদর্শনী , আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, অরন্য সপ্তাহ, রবীন্দ্র জয়ন্তী, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা)

২। নিজ এলাকায় অনুষ্ঠিত কর্মসূচী (পাঠাগার উদ্বোধন, হাসপাতাল উদ্বোধন, আন্তর্জাতিক নারী দিবস, বৃক্ষ রোপন কর্মসূচী, সোশ্যাল নেটওয়ার্কিং সাইট নিয়ে সচেতনা শিবির, করোনা বিষয়ক সচেতনতা শিবির, জল অপচয় রোধে সচেতনতা শিবির)

৩। করোনার প্রকোপে নাজেহাল বিশ্ব

৪। ফোনে সেল্ফি নিতে গিয়ে দুর্ঘটনা

# সংলাপ রচনা

## মান-৫

১.মোবাইল(ইন্টারনেট) ফোনের ভালো -মন্দ নিয়ে দুই বন্ধুর সংলাপ

২. দূরদর্শনের ভালো-মন্দ নিয়ে দুই বন্ধুর সংলাপ

৩. সেভ ড্রাইভ সেভ লাইফ বা পথ নিরাপত্তা নিয়ে দুই বন্ধুর সংলাপ

৪. শহরের জীবন বনাম গ্রামের জীবন নিয়ে দুই বন্ধুর সংলাপ

৫. প্লাস্টিক বা পলিথিনের ব্যবহার নিয়ে দুই বন্ধুর সংলাপ

৬. রক্ত দানের প্রয়োজনীয়তা নিয়ে দুই বন্ধুর সংলাপ

৭. পাশ ফেল নিয়ে দুই বন্ধুর সংলাপ

৮. বাংলা মাধ্যম বনাম ইংরেজি মাধ্যমের স্কুল নিয়ে দুই বন্ধুর সংলাপ

৯. নারী শিক্ষা বা নারী স্বাধীনতা নিয়ে দুই বন্ধুর সংলাপ

১০. সাম্প্রদায়িক সম্প্রীতি নিয়ে দুই বন্ধুর সংলাপ।

১১.দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে দুই বন্ধুর সংলাপ